বেলিংহামের জোড়া গোলে নরওয়েকে হারিয়ে সেমিফাইনালে ইংল্যান্ড



সংগৃহীত ছবি

শুরুতে পিছিয়ে পড়েও দুর্দান্ত প্রত্যাবর্তন করেছে ইংল্যান্ড। জুড বেলিংহামের জোড়া গোলে নরওয়েকে ২-১ ব্যবধানে হারিয়ে ফিফা বিশ্বকাপের সেমিফাইনালে জায়গা করে নিয়েছে থ্রি লায়ন্সরা।

শনিবার (১১ জুলাই) বাংলাদেশ সময় দিবাগত রাত ৩টায় মায়ামি স্টেডিয়ামে অনুষ্ঠিত তৃতীয় কোয়ার্টার ফাইনালে মুখোমুখি হয় দুই দল।

ম্যাচের শুরু থেকেই বলের নিয়ন্ত্রণ নিজেদের কাছে রাখার চেষ্টা করে ইংল্যান্ড। হ্যারি কেইন, জুড বেলিংহাম ও আক্রমণভাগের অন্য খেলোয়াড়রা একাধিক সুযোগ তৈরি করলেও গোলের দেখা পায়নি দলটি। অন্যদিকে অপেক্ষাকৃত রক্ষণাত্মক কৌশলে খেলেও পাল্টা আক্রমণে বিপজ্জনক হয়ে ওঠার চেষ্টা করে নরওয়ে।

প্রথমার্ধের ৩৬তম মিনিটে নরওয়েকে এগিয়ে দেন শেলদেরুপ। দূরপাল্লার এক নিখুঁত শটে তিনি ইংল্যান্ডের জালে বল পাঠিয়ে দলকে লিড এনে দেন।

তবে বিরতিতে যাওয়ার ঠিক আগে সমতায় ফেরে ইংল্যান্ড। প্রথমার্ধের যোগ করা সময়ে অ্যাস্থনি গর্ডনের বাড়ানো বল থেকে গোল করে ম্যাচে সমতা ফেরান জুড বেলিংহাম।

দ্বিতীয়ার্ধে দুই দলই আক্রমণাত্মক ফুটবল উপহার দেয়। নরওয়ে কয়েকবার গোলের সুযোগ তৈরি করলেও ইংল্যান্ডের রক্ষণভাগ দৃঢ় অবস্থান নেয়। ম্যাচজুড়ে ভিএআর সিদ্ধান্ত, গোল বাতিল এবং গোলপোস্টে বল লাগার মতো কয়েকটি নাটকীয় মুহূর্তও দেখা যায়।

নির্ধারিত সময়ের শেষ দিকে ম্যাচ অতিরিক্ত সময়ে গড়ালে ইংল্যান্ডের হয়ে আবারও নায়ক হয়ে ওঠেন বেলিংহাম। ৯৩তম মিনিটে প্রতিপক্ষ গোলরক্ষকের ভুলের সুযোগ কাজে লাগিয়ে নিজের দ্বিতীয় এবং দলের জয়সূচক গোলটি করেন তিনি।

এই জয়ে বিশ্বকাপের শেষ চারে জায়গা নিশ্চিত করল ইংল্যান্ড। অন্যদিকে দীর্ঘদিন পর বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে উঠে স্বপ্ন দেখানো নরওয়ের যাত্রা শেষ হলো শেষ আটেই।

সেমিফাইনালে ইংল্যান্ডের প্রতিপক্ষ আর্জেন্টিনা। ম্যাচটি অনুষ্ঠিত হবে আগামী বুধবার বাংলাদেশ সময় দিবাগত রাত ১টায়।